



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
www.ecs.gov.bd
সাধারণ সেবা শাখা-২

২ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৬ মে ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৭.০০.০০০০.০২৯.৭০.১৬০.২২.২১১

বিষয়: প্যাকেজ-২ (আনুষংগিক মালামাল) এর চুক্তিবদ্ধ প্রতিষ্ঠান M/S S.K Sarder Enterprise এর সাথে (সরবরাহকৃত পণ্যের মূল্য ব্যতীত) চুক্তি বাতিল ও ব্যাখ্যা প্রদানের নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, প্যাকেজ-২ (আনুষংগিক মালামাল) Tender/Proposal ID: 894655 (Procurement of Other Ancillary Goods) এর জন্য চুক্তিবদ্ধ হয়ে আপনার প্রতিষ্ঠান M/S S.K Sarder Enterprise-কে প্রদত্ত 1st Call off order এর ২৫টি আইটেমের মালামাল সরবরাহ করতে অসমর্থতা প্রকাশ করায় দরপত্রের GCC Clause 42.1(a) [Termination for Default] অনুযায়ী সম্পাদিত চুক্তিপত্র (সরবরাহকৃত পণ্যের মূল্য ব্যতীত) কেন বাতিল করা হবে না ৭(সাত) দিনের মধ্যে তার জবাব দাখিল করার জন্য আপনাকে ২৮-০৪-২০২৪ তারিখে কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়।

২। কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে আপনি চুক্তির ২৫টি আইটেম বাজারে সরবরাহ না থাকার কারণে নির্ধারিত সময়ে উক্ত আইটেমসমূহ ব্যতিরেকে চুক্তি সংশোধন করার জন্য অনুরোধ জানিয়ে লিখিত আবেদন করেন। অতঃপর 1st Call off order এর উক্ত ২৫টি আইটেম বাজারে সরবরাহ না থাকার বিষয়টি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন দাখিলের জন্য 'বাজার দর কমিটি'-কে অনুরোধ জানানো হয়। উল্লিখিত পণ্যসমূহ বাজারে সরবরাহ না থাকার বিষয়টি সঠিক নয় এবং নিত্য ব্যবহার্য পণ্য বিধায় বাজারে পর্যাপ্ত সরবরাহ রয়েছে মর্মে 'বাজার দর কমিটি' কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে মতামত পাওয়া যায়। উক্ত মতামত অনুযায়ী কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে আপনার প্রদত্ত লিখিত আবেদনটি গ্রহণযোগ্য নয় এবং ২৫টি আইটেমের মালামাল সরবরাহ করতে অসমর্থতা প্রকাশ করায় আপনি চুক্তির মৌলিক শর্ত ভঙ্গ করেছেন যা পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ১২৭ এর উপবিধি (২)(খ) অনুযায়ী "প্রতারণামূলক কার্য" অর্থে বিবেচিত হয়েছে।

৩। চুক্তির মৌলিক শর্ত ভঙ্গ করায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৪২ এর উপবিধি (১) এবং GCC Clause 42 ও 45 অনুযায়ী আপনার প্রতিষ্ঠানের সাথে ১২ ডিসেম্বর ২০২৩ তারিখে Tender/Proposal ID: 894655 (Procurement of Other Ancillary Goods) এর মালামাল সরবরাহ ও সংগ্রহের নিমিত্তে সম্পাদিত চুক্তিপত্র (সরবরাহকৃত পণ্যের মূল্য ব্যতীত) বাতিল করা হলো;

৪। সেই সাথে ২৫টি আইটেমের মালামাল সরবরাহ করতে অসমর্থতা প্রকাশ করায় এবং সম্পাদিত চুক্তি বাতিলের ফলে ক্রয়কারী দপ্তরের যে দাপ্তরিক ও আর্থিক ক্ষতি হয়েছে তার ক্ষতিপূরণ বাবদ GCC Clause 30.1 অনুযায়ী কেন আপনার প্রতিষ্ঠানের সমুদয় কার্য সম্পাদন জামানত (Performance Security) আদায় করা হবে না এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ১২৭ এর উপবিধি (৩) ও (৪) অনুযায়ী সরবরাহকারী কর্তৃক "প্রতারণামূলক কার্য" জড়িত হওয়ার ফলে আগামী ২(দুই) বৎসরের জন্য আপনার প্রতিষ্ঠানকে নির্বাচন কমিশন সচিবালয় এবং সরকারি তহবিল দ্বারা সম্পাদিত অন্য সকল ক্রয়কারীর ক্রয় কার্যক্রমে অংশগ্রহণে কেন অযোগ্য ঘোষণা করা হবে না, তা আগামী ৭(সাত) দিনের মধ্যে অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর বরাবর লিখিতভাবে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো।

১৬-০৫-২০২৪
জাকির মাহমুদ
সহকারী সচিব

Sanjoy Kumar Sarder, Proprietor, M/S S.K Sarder Enterprise, 12/Cha/2/1, Road # 2,
Shaymoli, Sher-e-Bangla Nagar, Dhaka-1207।

স্মারক নম্বর: ১৭.০০.০০০০.০২৯.৭০.১৬০.২২.২১১/১(৬)

২ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৬ মে ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা;
- ২। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নোটিশটি নির্বাচন কমিশন সচিবালয়ের web site-এ প্রকাশ করার অনুরোধসহ);
- ৩। উপসচিব (সাধারণ সেবা), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
- ৪। সিস্টেম এনালিস্ট (উপাত্ত ব্যবস্থাপনা অধিশাখা), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



১৬-০৫-২০২৪

জাকির মাহমুদ
সহকারী সচিব